

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭২৪

আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৩

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরে অফার বিতরণ

স্বচ্ছ নিয়োগনীতির মাধ্যমে যোগ্য ব্যক্তিদের চাকুরি দেওয়া হচ্ছে : কৃষিমন্ত্রী

বর্তমান সরকারের সময়ে স্বচ্ছ নিয়োগনীতির মাধ্যমে যোগ্য ব্যক্তিদের চাকুরি দেওয়া হচ্ছে। জেআরবিটি, টেট, টিপিএসসি'র মাধ্যমে বিভিন্ন দপ্তরে যোগ্য ব্যক্তিদের নিয়োগের ফলে রাজ্যের সাধারণ জনগণের জন্য সরকারি পরিষেবা প্রদান আরও সুচারুরূপে করা সম্ভব হবে। আজ কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের অধিকর্তার কার্যালয় প্রাঙ্গণে অফার বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন কৃষিমন্ত্রী রতনলাল নাথ। উল্লেখ্য, আজকের এই অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণ এবং নির্বাচন দপ্তরের জন্য যথাক্রমে ২৯ জন ও ৮ জনকে এলডিসি পদে অফার প্রদান করা হয়। আগামী ৪ ডিসেম্বরের মধ্যে সংশ্লিষ্ট দপ্তরের অফার প্রাপকদের তাদের অফারগুলি জমা করতে হবে।

অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ অফার প্রাপকদের সংশ্লিষ্ট দপ্তর ও দপ্তরের কর্মীদের নিজের পরিবার এবং পরিজনের মতো বিচার করে কর্ম জীবনে এগিয়ে যাওয়ার জন্য পরামর্শ দেন। আলোচনায় কৃষিমন্ত্রী আরও বলেন, আগামী দিনে স্বচ্ছ নিয়োগনীতির মাধ্যমে রাজ্যের বিভিন্ন দপ্তরের জন্য লোক নিয়োগ করার উদ্যোগ গ্রহণ করা হবে। বর্তমান সরকার গ্রাম, গরীব কৃষকদের সার্বিক উন্নয়নকে সর্বাধিক গুরুত্ব দিয়ে প্রথম থেকেই কাজ করে আসছে। ঘরে ঘরে রোজগারের উৎস সৃষ্টিতে রাজ্যের বেকার যুবক যুবতীদের স্বাবলম্বী করার প্রয়াস নিয়েছে সরকার। রাজ্যে বর্তমানে ৫১ হাজারের উপর মহিলা পরিচালিত স্বসহায়ক দল রয়েছে। যার সাথে যুক্ত রয়েছেন প্রায় ৮ লক্ষ মহিলা। এখন পর্যন্ত প্রায় ৮৫ হাজার মহিলা বার্ষিক ১ লক্ষ টাকার উপর আয়ের মাধ্যমে লাখপতি দিদি হয়েছেন। তাছাড়াও সরকার জল জীবন মিশনে প্রত্যেক বাড়িতে পানীয় জল, প্রধানমন্ত্রী আবাস যোজনায় গৃহ প্রদান, স্বচ্ছ ভারত মিশনে শৌচালয় নির্মাণের মাধ্যমে গ্রামীণ এলাকার মানুষের জীবন ধারার পরিকাঠামো উন্নয়নে সচেষ্ট রয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের সচিব অপূর্ব রায়, নির্বাচন দপ্তরের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক উষাজেন মগ, কৃষি দপ্তরের অধিকর্তা শরদিন্দু দাস, উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের অধিকর্তা ড. ফনীভূষণ জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী সহ অতিথিগণ অফার প্রাপকদের হাতে অফার তুলে দেন।
